ফেব্রুয়ারির আগেই করোনার ভ্যাকসিন পাবে বাংলাদেশ: স্বাস্থ্য সচিব

চেম্বার ডেস্ক:: খুব শিগগিরই বাংলাদেশ করোনার ভ্যাকসিন পাবে বলে জানিয়েছেন স্বাস্থ্যসচিব আব্দুল মান্নান। সেটা আগামী বছরের ফেব্রুয়ারি মাস বা তারও আগে হতে পারে।

মঙ্গলবার (১ ডিসেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় শিল্পকলা একাডেমিতে বিশ্ব এইডস দিবস উপলক্ষে স্বাস্থ্য অধিদফতর আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

স্বাস্থ্যসচিব বলেন, ‘আমরা আশা করছি খুব তাড়াতাড়ি আমরা করোনার ভ্যাকসিন পেয়ে যাবো। আশা করছি ফেব্রুয়ারি মাসের মধ্যে আমরা ভ্যাকসিন পেয়ে যাবো বা আরও আগে। আর যদি সেটা আরও আগে সম্ভব হয় তাহলে আরও আগে পাবো হয়তোবা।’

জানা যায়, অক্সফোর্ড থেকে তিন কোটি টিকা কিনবে বাংলাদেশ। প্রথম দফায় এসব টিকা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) নীতিমালা অনুযায়ী জনগণের মাঝে বিনামূল্যে বিতরণ করা হবে। টিকা কেনার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়কে ৭৩৫ কোটি ৭৭ লাখ টাকা দিয়েছে অর্থ মন্ত্রণালয়।

প্রসঙ্গত, টিকার পর্যায়ভিত্তিক প্রাপ্যতা বিবেচনা করে প্রাথমিকভাবে কোভিড-১৯ সংক্রমণের সর্বোচ্চ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীসমূহ তথা কোভিড-১৯ মহামারি মোকাবিলায় নিয়োজিত স্বাস্থ্যকর্মী, সম্মুখসারির কর্মী, রোগ প্রতিরোধ ক্ষমতাহীন জনগোষ্ঠী, বয়োজ্যেষ্ঠ জনগোষ্ঠী, দীর্ঘমেয়াদী রোগে আক্রান্ত প্রাপ্ত বয়স্ক জনগোষ্ঠী, শিক্ষাকর্মী এবং গণপরিবহনকর্মী টিকা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। টিকাদান কার্যক্রম আরম্ভ হওয়ার পূর্বে অগ্রাধিকার প্রাপ্ত জনগোষ্ঠীর তালিকা প্রণয়ন ও

টিকা প্রদানে জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে মনিটরিং কমিটি গঠন করা হবে